১৫।	দরপত্র বিজ্ঞপ্তির সম্পর্কে বিস্তারিত তথ্য	ঃ	দরপত্রের শর্তাবলী ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট/সহকারী বন সংরক্ষক, সিলেট সদর, সিলেট/শ্রীমঙ্গল/হবিগঞ্জ/সুনামগঞ্জ এবং সংশ্লিষ্ট সকল রেঞ্জ কর্মকর্তার কার্যালয় হইতে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) দেখিতে ও জানিতে পারা যাইবে।
১৬।	কাজের বিবরণ (প্রাকৃতিক বাঁশ মহাল)	ঃ	সংশ্লিষ্ট দপ্তরে রক্ষিত বাঁশ মহাল বিক্রয়ের তফসিল।

শর্তাবলি :

১। প্রাকৃতিক বাঁশ মহাল বিক্রয়ের দরপত্রে অংশগ্রহণকারীকে অবশ্যই সিলেট বন বিভাগের তালিকাভুক্ত মহালদার হইতে হইবে এবং তাহার মহালদারী তালিকাভুক্তি হালনাগাদ নবায়ন থাকিতে হইবে। সিলেট বন বিভাগের তালিকাভুক্ত মহালদার ব্যতীত কেহ দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন না। দরপত্রের সহিত হালনাগাদ তালিকাভুক্তির সত্যায়িত আলোকছাপ এবং হালনাগাদ আয়কর ও ভ্যাটের সত্যায়িত আলোকছাপ দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হইবে না।

২। দরপত্রদাতা কর্তৃক দরপত্রের/সিডিউলের সহিত দরপত্রের শর্তানুযায়ী যে সকল সনদপত্র/কাগজপত্র দাখিল করিবেন, তাহা যাচাইয়ান্তে সঠিক পাওয়া না গেলে এবং ভূয়া/জালিয়াতি প্রমাণিত হইলে, দরপত্রদাতার বায়নার টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করতঃ দাখিলকৃত দরপত্র বাতিল করা সহ দরপত্র দাতার মহালদারী তালিকাভুক্তি বাতিল করার ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তার থাকিবে।

৩। দরপত্র দাতাকে দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের শতকরা ৩% (শতকরা তিন ভাগ) বায়নার টাকা বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট এর বরাবরে (Pledged to D.F.O. Sylhet) যে কোনো তফশিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মূলে জমা দিয়া গৃহীত মূল ব্যাংক ডাফট/পে–অর্ডার দরপত্রের সাথে জমা দিতে হইবে। বায়নার টাকা জমা দেওয়া ছাড়া কোনো দরপত্র গ্রহণযোগ্য হইবে না। দরপত্র দাতা মহাল ক্রয়ে অকৃতকার্য হইলে, তাহার বায়নার টাকা যথাসময়ে ফেরৎ প্রদান করা হইবে। কৃতকার্য দরপত্র দাতার বায়নার টাকা তাহার ইচ্ছানুসারে মহালের জামানত হিসাবে সমন্বয় করা যাইতে পারে।

৪। দরপত্রে অংশগ্রহণকারী তালিকাভুক্ত মহালদারকে দরপত্র দাখিলের পূর্বে তফশিলে বর্ণিত বাঁশ মহাল সরেজমিনে পরিদর্শন করিয়া মহালে প্রজাতিভিত্তিক প্রাপ্তব্য বাঁশের সংখ্যা/গুণগতমান যাচাই করিতে হইবে। বাঁশ মহাল পূর্বে না দেখার অজুহাতে দরপত্র গ্রহণের পর প্রজাতিভিত্তিক বাঁশের সংখ্যা কম আছে বা ইহার গুণগতমান সম্পর্কে দরপত্র দাতার কোনো ওজর আপত্তি গ্রাহ্য হইবে না।

৫। দরপত্রের সিডিউল (ছকপত্র) অবশ্যই বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট কর্তৃক স্বাক্ষরিত ও নির্ধারিত সিডিউলে দাখিল করিতে হইবে। দরপত্রের ছকপত্র (সিডিউল) ক্রয়ের সময় মহালদারী হালনাগাদ তালিকাভুক্তি এবং হালনাগাদ আয়কর ও ভ্যাট সনদপত্র প্রর্দশন করিতে হইবে। অন্যথায় দরপত্র সিডিউল সরবরাহ করা হইবে না। দরপত্র দাতাকে সিডিউল ক্রয়ের রশিদ দরপত্রের সাথে গাঁথিয়া জমা দিতে হইবে।

৬। প্রতিটি বাঁশ মহালের জন্য আলাদা-আলাদা দরপত্র (সিডিউল) ক্রয় করিতে হইবে এবং আলাদাভাবে মহালের নাম উল্লেখপূর্বক দরপত্র দাখিল করিতে হইবে।

৭। দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মহালের প্রাক্কলিত সংখ্যক বাঁশ বিক্রয় করা হইবে। কোনো অবস্থায়ই প্রাক্কলিত সংখ্যার অতিরিক্ত বাঁশ কাটা বা আহরণ করা যাইবে না। পক্ষান্তরে দরপত্র দাতা মহাল হইতে বর্ণিত সংখ্যক বাঁশ নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করিতে ব্যর্থ হইলে, অনাহরিত বাঁশের উপর দরপত্র দাতার কোনো দাবী থাকিবে না এবং ঐ কারণে তিনি কোনোরূপ মূল্য রেয়াত বা ফেরৎ দাবী করিতে পারিবেন না।

৮। যাহার দরপত্র গ্রহণ করা হইবে, তাহাকে দরপত্র গ্রহণের সংবাদ জানানোর ৩(তিন) দিনের মধ্যে গৃহিত মূল্যের শতকরা ১৫% হারে জামানত বাবদ বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট এর বরাবরে তফশীলভুক্ত ব্যাংকের ব্যাংক ড্রাফ্ট/পাসবহি এর মাধ্যমে জমা দিয়া উহা অত্র দপ্তরে জমা প্রদান করতঃ নির্ধারিত ফরমে চুক্তিনামা সম্পাদন করিতে হইবে। তবে ক্ষেত্র বিশেষে বিভাগীয় বন কর্মকর্তা ইচ্ছা করিলে জামানতের টাকা বিক্রয় মূল্যের শতকরা ৭০(সত্তর) ভাগ পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন। মুদ্রিত চুক্তিনামার নমুনা বিভাগীয় বন কার্যালয়, সিলেট ও সিলেট বন বিভাগের যে কোনো রেঞ্জ অফিস হইতে দেখিতে পারা যাইবে। জামানতের টাকা জমা দিয়া চুক্তিনামা সম্পাদনের পর সফল দরপত্র দাতার বায়নার টাকা অবমুক্ত করা যাইবে। জামানতের টাকা কোনো অবস্থাতেই কোনো কিস্তির সহিত সমন্বয় করা যাইবে না।

৯। ৮নং শর্তে বর্ণিত নির্ধারিত সময় সীমার মধ্যে জামানতের টাকা জমা দিতে ও চুক্তিনামা সম্পাদন করিতে ব্যর্থ হইলে, কৃতকার্য দরপত্র দাতার বায়নার টাকা (Earnest money) সরকার বরাবরে বাজেয়াপ্ত করা হইবে। তাহা ছাড়াও বন বিভাগের তালিকাভুক্তি বাতিলক্রমে তাহাকে কালো তালিকাভুক্তি (Black Listed) করা যাইতে পারে। পরবর্তীতে মহালটি বিক্রয় করিলে, কম মূল্যে বিক্রয় জনিত কারণে সরকারের যে পরিমাণ আর্থিক ক্ষতি হইবে, তাহা "সরকারি পাওনা" হিসাবে আদায়ের জন্য ১মবার সফল দরপত্র দাতার বিরুদ্ধে সকল প্রকার আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে। এতদ্ব্যতীত উক্ত দরপত্র দাতার অন্য কোনো মহালের জামানত কিংবা অন্য কোনো প্রকার অর্থ বন বিভাগের নিকট পাওনা/জমা থাকিলে, তাহা হইতে সরকারের পাওনা অর্থ কর্তনক্রমে আদায় করা যাইবে।

১০। দরপত্রদাতা/তালিকাভুক্তি মহালদার বাঁশ মহাল বিক্রয়/ইজারা সংক্রান্ত বিষয়ে কোনো মিথ্যা, ভিত্তিহীন এবং মনগড়া কোনো অভিযোগ দাখিল করিয়া প্রশাসনিক জটিলতা/বাঁশ মহাল বিক্রয়/ইজারা সংক্রান্ত কাজে বিঘ্নের সৃষ্টি করিলে তালিকাভুক্তি বাতিল করা সহ তাহার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তা, সিলেটের থাকিবে।

১১। জামানতের টাকা জমা দিয়া চুক্তিপত্র সম্পাদনের পর ১৫নং শর্ত অনুযায়ী নির্ধারিত সময়ে কিস্তির টাকা পরিশোধ করতঃ কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হইলে, দরপত্র দাতার জামানত সরকারের বরাবরে বাজেয়াপ্ত করা হইবে এবং তাহার দরপত্র বাতিল করা হইবে।

১২। সফল দরপত্র দাতা চুক্তিপত্রের বা দরপত্র বিজ্ঞপ্তির কোনো শর্ত লংঘন/ভঙ্গ করিলে তাহার জামানতের টাকা সরকারের বরাবরে বাজেয়াপ্ত এবং তাহার দরপত্র বাতিল করিয়া মহালটি পুনরায় বিক্রয় করা হইবে। পুনঃ বিক্রয়ে সরকারের কোনো আর্থিক ক্ষতি হইলে, তাহা প্রথমবার দাখিলকৃত সফল দরপত্র দাতার নিকট হইতে বকেয়া ভূমি রাজস্ব (Arrear of Land Revenue) হিসাবে আদায়যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

১৩। দরপত্র দাতাকে যথেষ্ট স্থাবর/সম্পত্তির মালিক অথবা প্রতিষ্ঠিত স্বচ্ছল ব্যবসায়ী হইতে হইবে। আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার ব্যাংক লেনদেনের বিগত এক বছরের হালনাগাদ বিবরণী দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

১৪। যাহাদের নিকট বন বিভাগের পূর্ববর্তী কোনো বকেয়া রাজস্ব অনাদায়ী রহিয়াছে অথবা যাহাদের বিরুদ্ধে বকেয়া পাওনা বাবদ সার্টিফিকেট মামলা মূলতবী রহিয়াছে অথবা যাহারা বন আইনে অপরাধী বলিয়া দোষী সাব্যস্ত হইয়াছেন, তাহাদের দরপত্র গ্রহণ করা বা না করা সম্পূর্ণ দরপত্র মূল্যায়ন কমিটির এখতিয়ারাধীন থাকিবে।

১৫। মহালের বিক্রয় মূল্যের টাকা নিম্নবর্ণিত হারে ও সময়ে পরিশোধ করিতে হইবে এবং প্রত্যেক দফায় বর্ণিত হারে বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করিতে পারা যাইবে।

(ক) একলক্ষ টাকা বা তার কম মূল্যে বিক্রিত মহাল :

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ১০০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ১০ (দশ) দিনের মধ্যে	১০০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতিত) ৩ (তিন) মাস।

(খ) একলক্ষ টাকার উর্ধ্ব হইতে ৫ লক্ষ টাকা পর্যন্ত বিক্রিত মহাল :

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ৫০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ০৭(সাত) দিনের মধ্যে	৪০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতিত) ০৬ (ছয়) মাস।
২য় কিস্তি ৫০%	মহালের কার্যকালীন সময়ের ৪(চার) মাসের মধ্যে	১০০%	

(গ) ৫ লক্ষ টাকার উর্ধ্বে বিক্রিত মহাল : যাহাতে ১০ লক্ষ বা তার কম বাঁশ রহিয়াছে।

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ৪০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ৭ (সাত) দিনের মধ্যে	মোট সংখ্যার ৩০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতিত) ১২ (বার) মাস।
২য় কিস্তি ৩০%	মহালের কার্যকালীন সময়ের ৬ (ছয়) মাসের মধ্যে	মোট সংখ্যার ৬০%	
৩য় কিস্তি ২০%	মহালের কার্যকালীন সময়ের ৮ (আট) মাসের মধ্যে	মোট সংখ্যার ৮০%	
৪র্থ কিস্তি ১০%	মহালের কার্যকালীন সময়ের ১০ (দশ) মাসের মধ্যে	সর্বমোট ১০০%	

(ঘ) ৫ লক্ষ টাকার উর্ধ্বে বিক্রিত মহাল : যাহাতে ১০ লক্ষের অধিক কিন্তু ২৫ লক্ষ বা তার কম বাঁশ রহিয়াছে।

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ৪০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ৭ (সাত) দিনের মধ্যে	মোট সংখ্যার ৩০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতিত) ১৫ (পনের) মাস।
২য় কিস্তি ৩০%	মহালের কার্যকালীন সময়ের ৬ (ছয়) মাসের মধ্যে	মোট সংখ্যার ৬০%	
৩য় কিস্তি ২০%	মহালের কার্যকালীন সময়ের ৯ (নয়) মাসের মধ্যে	মোট সংখ্যার ৮০%	
৪র্থ কিস্তি ১০%	মহালের কার্যকালীন সময়ের ১২ (বার) মাসের মধ্যে	সর্বমোট ১০০%	

(ঙ) ৫ লক্ষ টাকার ঊর্ধ্বে বিক্রিত মহাল : যাহাতে ২৫ লক্ষের অধিক বাঁশ রহিয়াছে।

কিস্তির হার	কিস্তি পরিশোধের সময়	আহরিতব্য বাঁশের সংখ্যা	মহালের মেয়াদ
১ম কিস্তি ৪০%	ইজারা/বিক্রয় অনুমোদন জানানোর তারিখ হইতে ৭ (সাত) দিনের মধ্যে	মোট সংখ্যার ৩০%	কার্যাদেশ প্রদানের তারিখ হইতে (বন্ধকালীন সময় ব্যতিত) ১৮(আঠারো) মাস।
২য় কিস্তি ৩০%	মহালের কার্যকালীন সময়ের ৬ (ছয়) মাসের মধ্যে	মোট সংখ্যার ৬০%	
৩য় কিস্তি ২০%	মহালের কার্যকালীন সময়ের ১০ (দশ) মাসের মধ্যে	মোট সংখ্যার ৮০%	
৪র্থ কিস্তি ১০%	মহালের কার্যকালীন সময়ের ১৪ (চৌদ্দ) মাসের মধ্যে	সর্বমোট ১০০%	

মহালক্রেতাকে মহালের কার্যাদেশপত্রে কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখ অবহিত করা হইবে। ইহা ছাড়া অনিবার্য কারণ বশতঃ কিস্তির টাকা পরিশোধের তারিখ পুনঃ নির্ধারনের প্রয়োজন দেখা দিলে, কার্যাদেশে উল্লিখিত মেয়াদকালীন সময়ের মধ্যে বিভাগীয় বন কর্মকর্তা উহা পুনঃ নির্ধারণ করিতে পারিবেন।

১৬। ১৫নং শর্তে বর্ণিত হারে ও সময়ে ১ম কিস্তির টাকা পরিশোধ না করা পর্যন্ত মহালের বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করার অনুমতি দেওয়া হইবে না এবং অন্যান্য কিস্তির টাকা নির্ধারিত সময়ে পরিশোধ না করিলে, মহালের কাজ বন্ধ করার অর্থাৎ বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন বন্ধের এখতিয়ার বিভাগীয় বন কর্মকর্তার থাকিবে ও এইরূপ কাজ বন্ধ করার জন্য ক্রেতা মহালের বাকী টাকা পরিশোধ হইতে রেহাই পাইবেন না। এই জন্য ক্রেতার কোনো ক্ষতি হইলে, তজ্জন্য সরকার বা কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

১৭। নির্ধারিত সময়ে মহালক্রেতা কিস্তির টাকা সম্পূর্ণ পরিশোধ করিতে ব্যর্থ হইলে, বিভাগীয় বন কর্মকর্তা প্রতিদিনের জন্য পাওনা টাকার উপর ০.৫% জরিমানা ধার্য করিতে পারিবেন এবং জরিমানা ধার্য করা হইলে, মহালক্রেতা জরিমানা দিতে বাধ্য থাকিবেন।

১৮। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক বাঁশ মহাল ইজারা/বিক্রয় অনুমোদন পদ্ধতিগত কারণে বিলম্ব ঘটিলে, তজ্জন্য মহালক্রেতা কোনো প্রকার ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না বা মহালের কার্যাদেশ গ্রহণে অস্বীকৃতি জ্ঞাপন বা বায়নার টাকা ফেরত দাবী করিতে পারিবেন না।

১৯। ১৬ জুন হইতে ১৫ আগষ্ট পর্যন্ত বাঁশের প্রজন্ম বৃদ্ধিজনিত কারণে বাঁশ কাটার বন্ধ মৌসুম (Closed Season) হিসাবে নির্ধারিত। এই বন্ধ মৌসুমে বাঁশ মহালের অভ্যন্তরে সর্বপ্রকার কর্মতৎপরতা বন্ধ থাকিবে।

২০। বন্ধকালীন সময় শুরু হওয়ার পূর্বেই মহালক্রেতাকে বাঁশ মহালের অভ্যন্তরসহ সকল কাটা বাঁশ মহাল হইতে বাহির করিয়া আনিতে হইবে। ১৬ জুন তারিখে বাঁশ মহালের অভ্যন্তরে কাটা বাঁশ থাকিলে, তাহা সরকারের সম্পত্তি বলিয়া গণ্য হইবে এবং বন্ধকালীন সময়ে বাঁশ কর্তন বা অন্য যে কোনো কার্যক্রমের ফলে বাঁশের প্রজননে ব্যাঘাত সৃষ্টির কারনে এবং কচি বা ডগা বাঁশ নষ্ট হওয়ার জন্য প্রতিটি বাঁশের গড় বিক্রয়মূল্য হিসেবে জরিমানা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন। তাহা ছাড়া, বন্ধকালীন সময়ে মহালের অভ্যন্তরে যে পরিমাণ বাঁশ কর্তিত অবস্থায় পাওয়া যাইবে, সেই পরিমাণ বাঁশ মহালের বিক্রয়কৃত মোট বাঁশের সংখ্যা হইতে কমিয়া যাইবে। ইহা মহালক্রেতা কখনই দাবী করিতে পারিবেন না।

২১। বাঁশ মহালের সমুদয় বাঁশ কার্যাদেশপত্রে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে কর্তন, আহরণ ও পরিবহন কাজ সম্পাদন করিতে হইবে। মহালক্রেতা মহাল হইতে নির্ধারিত সময়ের মধ্যে কম সংখ্যক বাঁশ কর্তন, আহরণ ও পরিবহনের অজুহাতে পরবর্তীতে সময় বর্ধিতকরণের জন্য মহালক্রেতার কোনো আবেদন/নিবেদন গ্রহণযোগ্য হইবে না। তবে সীমান্ত গোলযোগের কারণে মহালক্রেতা নির্ধারিত সময়ে বাঁশ আহরণে ব্যর্থ হলে প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ০২(দুই) মাস পর্যন্ত সময় বর্ধিত করতে পারবেন।

২২। মহালক্রেতা দরপত্র বিজ্ঞপ্তির তফসিলে উল্লেখিত প্রজাতি/সংখ্যার অতিরিক্ত কোনো বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করিতে পারিবেন না। এইরূপ কোনো বাঁশ কর্তন, আহরণ ও পরিবহন করা প্রমাণিত হইলে, উহা বন অপরাধ হিসাবে গণ্য করা হইবে এবং প্রচলিত বন অপরাধ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৩। তপশিলে বর্ণিত ২০২১-২০২২ আর্থিক সালে বিক্রিতব্য/বিক্রয়যোগ্য বাঁশ মহাল হইতে যে কোনো বাঁশ মহাল বাদ দেওয়া বা অনুমোদিত অন্য যে কোনো বাঁশ মহাল অর্ন্তভূক্ত করা বা না করা এবং বিক্রিত কোনো বাঁশ মহাল সরকারি সিদ্ধান্ত অনুযায়ী কার্যাদেশের পূর্বে বাদ দেওয়া সম্পূর্ণ বিভাগীয় বন কর্মকর্তার এখতিয়ারাধীন।

২৪। বিক্রিত বাঁশ মহাল হইতে সিডিউল রেইটে স্থানীয় জনসাধারণের ব্যবহারের জন্য (হোম কনজামশন) বিভাগীয় বন কর্মকর্তা পারমিট ইস্যু করিতে পারিবেন, যাহা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন।

২৫। বিক্রিত মহালের কচি বা ডগা বাঁশ কাটা নিষিদ্ধ। অধিকন্তু প্রতি ঝাড়ে (Clump) ডগা বাঁশের সাথে ৪(চার) টি পাঁকা বাঁশ অবশ্যই রাখিতে হইবে। প্রতি ঝাড়ে ৪ (চার) টি পাকা বাঁশ না থাকিলে, প্রতিটি কাটা বাঁশের জন্য প্রতিটি বাঁশের গড়মূল্য হিসেবে জরিমানা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন।

২৬। পাকা বাঁশ অত্যন্ত সতর্কতার সহিত কাটিতে হইবে। পাকা বাঁশ কাটিবার সময় যাহাতে ডগা বা কচি বাঁশ নষ্ট না হয়, তৎপ্রতি মহালক্রেতাকে বিশেষ লক্ষ্য রাখিতে হইবে এবং বাঁশ আহরণের সময় যদি কোনো কচি বা ডগা বাঁশ অথবা পাকা বাঁশ নষ্ট হয়, তাহা হইলে প্রতি বিনষ্ট বাঁশের জন্য প্রতিটি বাঁশের গড় বিক্রয়মূল্যের দ্বিগুণ হারে জরিমানা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন।

২৭। প্রাকৃতিক ভাবে বাঁশ মহালে পুষ্পায়নের পর ফুল ও ফল আসিলে তাৎক্ষণিক বাঁশ মহালের কার্যক্রম বন্ধ হইয়া যাইবে।

২৮। মহালের মেয়াদকালীন সময়ে প্রাকৃতিক ভাবে পুষ্পায়নের ফলে মহালের বাঁশ মারা গেলে বকেয়া রাজস্ব মওকুফ করার বিষয়টি বিবেচনা করা বা না করা যথাযথ কর্তৃপক্ষের এখতিয়ারাধীন থাকিবে। তবে মহালক্রেতা কর্তৃক পরিশোধিত কোনো রাজস্ব তিনি আর ফেরত দাবী করিতে পারিবেন না এবং ঐ পরিমাণ বাঁশও তিনি কখনই কর্তন/আহরণ/পরিবহনের সুযোগ পাইবেন না।

২৯। কোনো ক্রমেই মাটি হইতে ১-০´´ ফুটের বেশী উঁচুতে বাঁশ কাটা যাইবে না। ১-০´´ ফুটের উপরে বাঁশ কাটিলে এবং এইরূপ কাটা প্রমাণিত হইলে, প্রতিটি বাঁশের জন্য প্রতিটি বাঁশের গড় বিক্রয়মূল্য হিসেবে জরিমানা মহালক্রেতা দিতে বাধ্য থাকিবেন।

৩০। মহাল ক্রেতা মহালের বাহিরে বাঁশ বা অন্য কোনো বনজদ্রব্য কাটিলে ক্রেতার জামানতের টাকা বাজেয়াপ্ত করা সহ মহাল ক্রয় বাতিল করা হইবে। ইহা ছাড়া, মহালের পার্শ্ববর্তী বনাঞ্চলের কোনো বনজদ্রব্য চুরি হইলে, তজ্জন্য মহালক্রেতা দায়ী থাকিবেন এবং ইহাতে সরকারের যে ক্ষতি হইবে, ক্রেতা তাহা পূরণ করিতে বাধ্য থাকিবেন। অন্যথায় ৮নং শর্তে বর্ণিত ক্রেতার জামানত সরকারের বরাবরে বাজেয়াপ্ত করা হইবে। মহাল এলাকার সীমানা হইতে চর্তুদিকে ১ মাইল পর্যন্ত এই শর্ত প্রযোজ্য হইবে। তবে চুরির সংবাদ তৎক্ষনাৎ লিখিত ভাবে নিকটবর্তী ফরেস্ট অফিসে জানাইলে এবং অপরাধীকে ধরিতে সাহায্য করিলে উক্ত দায় হইতে ক্রেতাকে মুক্তি দেওয়া যাইতে পারে।

৩১। বাঁশ মহালের কর্তিত বাঁশ ডিপোজাতকরণের জন্য মহালক্রেতাকে ডিপো স্থাপনের ভূমির ম্যাপ, পর্চাসহ সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা এবং সহকারী বন সংরক্ষক এর সুপারিশ সহকারে বিভাগীয় বন কর্মকর্তার বরাবরে আবেদন করিতে হইবে। অনুমোদিত ডিপো ব্যতীত অন্য কোনো স্থানে কর্তনকৃত বাঁশ মজুদ করা যাইবে না।

৩২। বাঁশ মহালের অভ্যন্তরে/ভিতরে কর্তনকৃত কোনো বাঁশ রাখা যাইবে না। কর্তনকৃত বাঁশ সার্টিফিকেট অব অরিজিন ফরম-৬ মুলে ডিপোতে স্থানান্তর করিতে হইবে।

৩৩। বাঁশ মহালের বাঁশ কর্তন, আহরণ ও পরিবহনের ক্ষেত্রে অনুমোদিত ডিপোতে বাঁশ মজুদের পূর্বে বাঁশ মহালের অভ্যন্তরে কর্তনকৃত বাঁশ কোনো অবস্থাতেই খণ্ডন করা যাইবে না। ডিপোতে মজুদকৃত বাঁশ প্রয়োজনে খণ্ডনের জন্য বিভাগীয় বন কর্মকর্তার পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে। এই সময় উহার কোনো প্রকার অনিয়ম পরিলক্ষিত হইলে, প্রতিটি খণ্ডনকৃত বাঁশের জন্য বিভাগীয় বন কর্মকর্তা জরিমানা ধার্য্য করিতে পারিবেন। মহালক্রেতা উহা দিতে বাধ্য থাকিবেন এবং এই সংখ্যক বাঁশ তাহার ক্রয়কৃত মোট বাঁশের সংখ্যা হইতে কমিয়া যাইবে।

৩৪। বাঁশ মহাল/বনাঞ্চল হইতে বাঁশ বাহির করিয়া ডিপোতে নেওয়ার সময় বাঁশের প্রত্যেক চালান সংশ্লিষ্ট বিট অফিসার দ্বারা সরজমিনে অবশ্যই চেক করাইতে হইবে। বিট অফিসার বাঁশের চালান চেক করার পর দেওয়া সার্টিফিকেট অব অরিজিন ফরমের অপর পৃষ্ঠায় চেক করা বাঁশের সংখ্যা লিখিয়া তারিখসহ নামীয় সীল ও সই করিবেন। ডিপো হইতে অন্যত্র স্থানান্তরের সময় রীতিমত ট্রানজিট পাশ নিতে হইবে। উক্ত ট্রানজিট পাশ প্রত্যেক চেক স্টেশনে চেক করাইতে হইবে।

৩৫। বিভাগীয় বন কর্মকর্তা সরকারি প্রয়োজনে দশভাগ বাঁশ (১০%) সরকারি সিডিউল রেইটে এবং ১০% (দশ) ভাগের উর্দ্ধে যে কোনো পরিমাণ বাঁশ সরকারি প্রয়োজনে স্থানীয় রেঞ্জ অফিসার কর্তৃক যাচাইকৃত স্থানীয় বাজার দরে হুকুম দখল করিতে পারিবেন।

৩৬। মহালক্রেতা বিভাগীয় বন কর্মকর্তার পূর্বানুমতি ব্যতীত মহালের ভিতর কোনো প্রকার রাস্তা তৈরী করিতে পারিবেন না।

৩৭। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেটের অনুমতি ব্যতীত অবিক্রিত বাঁশ মহালের (Closed Coupe/Mohal) ভিতর দিয়া প্রবাহিত ছড়া বা নালা দিয়া বাঁশ বাহির করা যাইবে না।

৩৮। যে সকল বাঁশ মহালের নাম ছড়ার নাম অনুসারে দেওয়া হইয়াছে, ঐ সকল মহালের বাঁশ শুধুমাত্র মহালের নাম দেওয়া ছড়া দিয়া বাহির করিতে পারিবেন। মহালক্রেতা অন্য ছড়া ব্যবহার করিতে পারিবেন না।

৩৯। মহালের মেয়াদ এর মধ্যে মহালে কোনো প্রকার অগ্নি সংযোগ হইলে মহালদার তজ্জন্য দায়ী থাকিবেন। ইহাতে সরকারের কোনো প্রকার ক্ষতি হইলে, মহাল ক্রেতা ইহার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন।

৪০। চুক্তিনামা সম্পাদনের তারিখ হইতে মহালক্রেতা নিজ ক্রয়কৃত মহালের বাঁশ সংরক্ষণের জন্য দায়ী থাকিবেন। কোনো দৈব দূর্বিপাকে বা অভ্যন্তরীণ বা সীমান্ত গোলযোগে মহালক্রেতার কোনো ক্ষতি হইলে সরকার তজ্জন্য দায়ী হইবে না। এই সমস্ত কারণে ক্রেতা কোনো ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না, করিলেও উহা আইনগত গ্রহণযোগ্য হইবে না।

৪১। মহালের বকেয়া কিস্তির টাকা পাওনা থাকিলে অথবা চুক্তি বাতিল ও পুনঃবিক্রিজনিত কারণে সরকারের কোনো আর্থিক ক্ষতি হইলে, এইসব পাওনা বা ক্ষতি বকেয়া ভূমি রাজস্ব (Arrear of Land Revenue) হিসাবে সার্টিফিকেট মামলা জারীর মাধ্যমে আদায় করা হইবে।

৪২। অত্র দরপত্র বিজ্ঞপ্তির তপশিলে বর্ণিত সকল মহাল বা যে কোনো মহাল বিশেষ অবস্থার প্রেক্ষিতে/কারণে বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বিক্রয় নাও করিতে পারেন। ইহাতে কাহারও কোনো ওজর আপত্তি চলিবে না।

৪৩। মহালক্রেতা কেবল মাত্র হাণ্ডর তৈরি করার জন্য সংশিষ্ট মহাল এলাকা হইতে প্রয়োজনীয় সংখ্যক ডি-শ্রেণীর গাছ (ঘনফুট)/বল্লী (দৈর্ঘফুট) বিভাগীয় বন কর্মকর্তার নিকট হইতে লিখিতভাবে অনুমতি গ্রহণ করতঃ প্রতি ঘনফুট/দৈর্ঘফুট রাজস্ব মূল্যের তিনগুন হারে মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করিতে পারিবেন।

৪৪। মহালের নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে মহালদারকে মহালের অভ্যন্তরে নির্মিত হাণ্ডর ভাঙ্গিয়া নিতে হইবে। যথাসময়ে মহালদার হাণ্ডর ভাঙ্গিয়া না নিলে, নির্ধারিত সময়ের পরে বিনা নোটিশে বিভাগীয় বন কর্মকর্তা বা সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা উক্ত হান্ডর ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন এবং এই হাণ্ডর ভাঙ্গার কাজে ব্যয়িত অর্থ বিভাগীয় বন কর্মকর্তা, মহালদারের জামানত বাবদ জমাকৃত অর্থ হইতে আদায় করিতে পারিবেন।

৪৫। মহালক্রেতা সরকারি নিয়ম অনুযায়ী মহালের ক্রয়মূল্যের উপর সরকার নির্ধারিত ৫% হারে উৎসে আয়কর ও ১৫% হারে উৎসে মূল্য সংযোজন কর প্রতিটি কিস্তির সাথে আনুপাতিক হারে পরিশোধ করিতে হইবে।

৪৬। ৪৫নং শর্তে বর্ণিত আয়কর ও ভ্যাট এর হার মহালের মেয়াদকালীন সময়ের মধ্যে পরিবর্তন/পরিবর্ধন হইলে যে হার নির্ধারিত হইবে, সেই হারে মহাল ক্রেতা উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন। ইহা ছাড়া সরকার কর্তৃক আরোপিত যে কোনো কর যে হারে নির্ধারিত হইবে, সেই হারে মহালক্রেতা উহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৪৭। সর্বোচ্চ বা যে কোনো দর/দরপত্র গ্রহণ করা বা না করা দরপত্র মূল্যায়ন কমিটির/কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত। ইহার জন্য দরপত্র মূল্যায়ন কমিটি/কর্তৃপক্ষ কাহারো নিকট কোনো প্রকার কারণ দর্শাইতে বাধ্য নহেন।

৪৮। ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উপরে দরপত্র গ্রহণ করা উর্ধ্বতন কর্তৃপক্ষের এখতিয়ারাধীন থাকিবে।

৪৯। দরপত্র বিজ্ঞপ্তিতে যদি কোনো মূদ্রণজনিত বা অন্য কোনো প্রকার করণিক ভুলত্রুটি যে কোনো সময় লক্ষ্য করা যায় বা ধরা পড়ে, তবে ঐ সকল ভুল-ত্রুটি সংশোধন করার জন্য যাবতীয় ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তার থাকিবে। ইহাতে কাহারও কোনো প্রকার ওজর-আপত্তি গ্রাহ্য হইবে না।

৫০। দরপত্র বিজ্ঞপ্তির যে কোনো শর্ত বা শর্তাংশ প্রয়োজনে যে কোনো সময় সংশোধন, সংযোজন, পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তা সংরক্ষণ করেন।

৫১। অত্র দরপত্র বিজ্ঞপ্তির সকল শর্তাবলি পুংখানুপুংখরূপে অবগত হইয়া দরপত্রে অংশগ্রহণ করিতে হইবে। পরবর্তীতে এতদবিষয়ে কোনো ওজর আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৫২। অত্র দরপত্র বিজ্ঞপ্তির তপশিলে বর্ণিত যে কোনো বাঁশ মহাল ধার্যকৃত তারিখে বিক্রয়/ইজারা প্রদানের জন্য উপযুক্ত কোনো দরপত্র পাওয়া না গেলে, উহা বিক্রয় না হওয়া পর্যন্ত একই অনুমোদিত শর্তে পরবর্তীতে পুনরায় দরপত্র আহবান, দরপত্র সিডিউল বিক্রয় এবং দরপত্র গ্রহণের তারিখ পুনঃনির্ধারণ করার ক্ষমতা বিভাগীয় বন কর্মকর্তার থাকিবে।

৫৩। এই দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের ব্যাখ্যা বা সংশ্লিষ্ট মহাল বিক্রয় ও বিক্রয় উত্তর পরিস্থিতিতে উত্থাপিত কোনো প্রশ্নে বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকার সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া পরিগণিত হইবে এবং উক্ত সিদ্ধান্ত গ্রহণ করা বাধ্যতামূলক হইবে।

৫৪। ইহা বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা'২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

দরপত্রের তফশিল অনুমোদন করা হইল।

(আর.এস.এম. মুনিরুল ইসলাম)
বন সংরক্ষক
কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন
মহাখালী, ঢাকা।

(এস, এম, সাজ্জাদ হোসেন)
পরিচিতি নম্বর-১৩১৬০
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ, সিলেট।

" তপশিল "

সিলেট বন বিভাগের ২০২১-২০২২ আর্থিক সালে বিক্রয়যোগ্য প্রাকৃতিক বাঁশ মহালের তালিকা :

ক্রঃ নং	রেঞ্জের নাম	ফেলিং সিরিজ/ বিটের নাম	কুপ/ মহালের নাম	মহাল নং ও সন	এলাকা/মহালের আয়তন (একর/হেক্টর)	বাঁশের প্রজাতি	প্রজাতিভিত্তিক বাঁশের সংখ্যা	প্রাপ্তব্য বাঁশের সংখ্যা	মহালের সীমানা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১.	রাজকান্দি রেঞ্জ	আদমপুর বিট	বাঘাছড়া বাঁশ মহাল	রাজ/০১/বাঘাছড়া/ বাঁশ-২০২১-২০২২	৬০৯.২৭ একর বা ২৪৬.৬৭ হেক্টর	মাকাল বাঁশ মুলি বাঁশ টেংরা মুলি ডলু বাঁশ খাং বাঁশ	১,৯৭,৩৩৬টি ৯৭,৬৬২টি ৯৮,১৬৫টি ১৪,৫৯৯টি ৩৯,৭৭০টি	৪,৪৭,৫৩২টি	উত্তরে : ডলুয়া বাঁশ মহাল দক্ষিণে : কুরমাছড়া বাঁশ মহাল পূর্বে : কুরমাছড়া বাঁশ মহাল পশ্চিমে : ২০০৮ সনের বাগান	--
২.	রাজকান্দি রেঞ্জ	কুরমা বিট	কুরমাছড়া বাঁশ মহাল	রাজ/০২/কুরমাছড়া/ বাঁশ-২০২১-২০২২	৩৬৭৬.০০ একর বা ১৪৮৮.২৬ হেক্টর	মাকাল বাঁশ মুলি বাঁশ টেংরা মুলি খাং বাঁশ ডলু বাঁশ	৫,৬১,২৩০টি ৩,২৬,২১৫টি ২,০৭,৯৫৬টি ১,৯২,৪২১টি ৮৮,৬৯৫টি	১৩,৭৬,৫১৭টি	দক্ষিণে : চম্পারায় ব্লক পূর্বে : ভারত উত্তরে : বাঘাছড়া পশ্চিমে : খাসিয়া পানপুঞ্জি।	--
৩.	রাজকান্দি রেঞ্জ	কুরমা বিট	সোনারাই ছড়া বাঁশ মহাল	রাজ/০৩/সোনারায় ছড়া/বাঁশ-২০২১-২০২২	২৪৭৮.০০ একর বা ১০০৩.২৪ হেক্টর	মাকাল বাঁশ মুলি বাঁশ টেংরা মুলি খাং বাঁশ ডলু বাঁশ	৮,৫৭,২৬৮টি ৫,৪৩,৭৫৬টি ২,৮৩,৪১৫টি ১,৭০,০৪৯টি ১,১৩,৮৬৭টি	১৯,৬৮,৩৫৫টি	দক্ষিণে : ভারত পূর্বে : ভারত উত্তরে : চম্পরায়ছড়া পশ্চিমে : ১৯৬৫ সনের পুরাতন বাগান	--

দরপত্রের তপশিল অনুমোদন করা হইল।

আর.এস.এম. মুনিরুল ইসলাম
বন সংরক্ষক
কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন
মহাখালী, ঢাকা।

এস, এম, সাজ্জাদ হোসেন
পরিচিতি নম্বর-১৩১৬০
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ, সিলেট।

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(ভূমি অধিগ্রহণ শাখা-০৪)

বিজ্ঞপ্তি

[ভূমি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর ৭৮ নং অনুচ্ছেদ মোতাবেক]

পুনঃগ্রহণ (রিজিউম) কেস নং-৩৬/২০২১ (এল. এ কেস নং-০৩/১৯৪৮-৪৯)

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি এল. এ. কেস নং-০৩/১৯৪৮-৪৯ এর মাধ্যমে গণপূর্ত মন্ত্রণালয়ের অনুকূলে অধিগ্রহণ করা হয়েছিল এবং যেহেতু উক্ত সম্পত্তি গণপূর্ত মন্ত্রণালয়ের প্রয়োজন নাই বলিয়া গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.৪৯.৩২.০০৯.১৮. ১৪৫; তারিখ ০৮ আগস্ট, ২০২১ এর মাধ্যমে অনাপত্তিপত্র প্রদান করিয়াছেন, সেহেতু সরকার তফসিল বর্ণিত সম্পত্তি এতদ্বারা পুনঃগ্রহণ (রিজিউম) করিলেন:

পুনঃগ্রহণ (রিজিউম) প্রস্তাবিত ভূমির তফসিল

জেলা-ঢাকা, থানা-সাবেক কেরাণীগঞ্জ হালে তেজগাঁও শিল্প এলাকা, মৌজা-সাবেক বেগুনবাড়ী হালে তেজগাঁও শিল্প এলাকা, জে. এল নং-০৬

সি.এস. ৩৭ নং দাগের ০.২০ একর, ৯০ নং দাগের ০.১২ একর, ৯১ নং দাগের ০.৬৫ একর এবং ৯৪ নং দাগের ০.০৩ একর, যা এস. এ ১০৮ নং দাগ, আর, এস ৪৯১৬ নং দাগ এবং ঢাকা সিটি জরিপে ৮১০৪ নং দাগ।

মোঃ শহীদুল ইসলাম
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
ভূমি অধিগ্রহণ শাখা-০৪

ফরম 'ঘ'
অধিগ্রহণ মামলা নং-০৪.২৫.০১/২০২০-২০২১
প্রত্যাশী সংস্থা: বাংলাদেশ পুলিশ
প্রকল্পের নাম: ১২ আমর্ড পুলিশ ব্যাটালিয়ন, ঢাকা'র পুলিশ লাইন্স স্থাপনা নির্মাণ শীর্ষক প্রকল্প
'ঘোষণা'
[১৩(২) ধারা মোতাবেক]

যেহেতু এই মর্মে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১৩(২) ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে এবং ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হয়েছে।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ১৩(২) নং ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল:

তফসিল

জেলা-ঢাকা, থানা-দক্ষিণ কেরানীগঞ্জ, মৌজা-বাঘৈর, জে. এল. নং-৮৭

ক্রমিক নং	আর এস দাগ নং	দাগে মোট জমির পরিমাণ (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
১	৩৯০(অংশ)	০.৫৫	০.০৪৭০
২	৩৯৯ (পূর্ণ)	০.২৯	০.২৯০০
৩	৪০০ (পূর্ণ)	০.২৫	০.২৫০০
৪	৪০১ (অংশ)	০.৩২	০.০৫০০
৫	৪০৩ (অংশ)	০.৫৯	০.৫৬০০
৬	৪০৪ (অংশ)	০.৮৫	০.৮৪৫০
৭	৪০৫ (পূর্ণ)	০.৭৩	০.৭৩০০
৮	৪০৬ (পূর্ণ)	০.৬৩	০.৬৩০০
৯	৪০৭ (পূর্ণ)	০.৩৮	০.৩৮০০
১০	৪০৮ (পূর্ণ)	০.২৬	০.২৬০০
১১	৪০৯ (পূর্ণ)	০.৫৪	০.৫৪০০
১২	৪১০ (পূর্ণ)	০.৬৬	০.৬৬০০
১৩	৪৬৩(পূর্ণ)	০.৭৬	০.৭৬০০
১৪	৪৬৪ (অংশ)	০.১৯	০.১৬০০
১৫	৪৬৫ (অংশ)	০.১৮	০.১৫০০
১৬	৪৬৬ (অংশ)	০.৪২	০.৩২০০
১৭	৭২৬ (অংশ)	০.৪৭	০.০১৩০
১৮	৭৫৭ (অংশ)	০.৯১	০.৪২০০
১৯	৭৫৮ (পূর্ণ)	০.৬১	০.৬১০০
২০	৭৫৯ (অংশ)	০.৭৫	০.৪৫৫০
২১	৭৬০ (পূর্ণ)	০.৬১	০.৬১০০
২২	৭৬১ (পূর্ণ)	০.৭৭	০.৭৭০০
২৩	৭৬২ (অংশ)	০.৭৩	০.৪৯০০
	সর্বমোট জমির পরিমাণ =		১০.০০ একর

মোহাম্মদ মাহমুদুল হক
অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ)।

জেলা প্রশাসকের কার্যালয়
ব্যবসা-বাণিজ্য শাখা
কুমিল্লা

বিজ্ঞপ্তি

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮/২৬ আগস্ট ২০২১

নং ০৫.৪২.১৯০০.০১০.০১৮.০০১.২০২১-২৪৯(৩৫)—অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ, ১৯৮১ এর ২২ ধারার ৯ নং উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে আমি মোহাম্মদ কামরুল হাসান, জেলা প্রশাসক, কুমিল্লা এতদ্বারা উক্ত আদেশের ২২ ধারার ২নং উপ-ধারায় বর্ণিত সকল তফসিলভুক্ত ডিলিং লাইসেন্স নবায়নের সময়সীমা আগামী ৩১ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করলাম।

মোহাম্মদ কামরুল হাসান
জেলা প্রশাসক।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সখিপুর, টাঙ্গাইল।

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ ২২ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/০৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং ০৫.৪১.৯৩৮৫.০০০.০৪.০০৩.১৮-৫৪৫—এতদ্বারা টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন ৫ নং হাতীবান্ধা ইউনিয়ন এর সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাতীবান্ধা ইউনিয়ন বিভক্ত করে হতেয়া রাজাবাড়ী নামে নতুন ইউনিয়ন গঠন এবং হাতীবান্ধা (পুরাতন) ইউনিয়ন পুনর্গঠন এর জন্য জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয় বরাবর ইতোপূর্বে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়। সেই প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক প্রাপ্ত স্মারকাদেশ নং-০৫.৪১.৯৩০০.০০০.০৭.০২৬.২১-৪৭১, তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২১ মূলে এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা-১৩ এর উপ-ধারা ৮ মোতাবেক নিম্নবর্ণিত তপশিল অনুযায়ী হাতীবান্ধা ইউনিয়ন

বিভক্ত করে হতেয়া রাজাবাড়ী নামে নতুন ইউনিয়ন গঠন এবং হাতীবান্ধা (পুরাতন) ইউনিয়ন পুনর্গঠন করা হলো, যা "৫নং হাতীবান্ধা ইউনিয়ন" এবং "৯ নং হতেয়া রাজাবাড়ী ইউনিয়ন" নামে অভিহিত হবে।

৫নং হাতীবান্ধা ইউনিয়ন

সাধারণ ওয়ার্ড নম্বর	মৌজার নাম	গ্রাম, পাড়া/মহল্লার নাম	জেএল নং	ওয়ার্ডের আয়তন (ব:কি:)	ওয়ার্ডের জনসংখ্যা (২০১১ সনের আদমশুমারি অনুযায়ী)	সংরক্ষিত মহিলা ওয়ার্ড নম্বর
০১	চাকদহ	চাকদহ	৮৩	৩.৭০৩	২,৩২০	১
০২	রতনপুর, চাকদহ	বালিয়াটাপাড়া, আগচাকদহ (বৈরাগীপাড়া)	৮৩, ৮৫	২.৯৭৭	১,৭৮০	
০৩	রতনপুর	রতনপুর, ঢাকিপাড়া	৮৫	২.১৫০	২,৭৪০	
০৪	হাতীবান্ধা, রতনপুর	কাশেম বাজার, খন্দকারপাড়া, রুপারচালা	৮৪, ৮৫	২.৫৮০	১,৯১০	২
০৫	হাতীবান্ধা	হাতীবান্ধা পূর্বপাড়া, তালিমঘরপাড়া, পিরগাছিয়াচালা	৮৪	৩.০২০	১,৭৬৩	
০৬	তক্তারচালা	তক্তারচালা, কামারপাড়া	১১৭	৩.৫০০	২,৭৫০	
০৭	হাতীবান্ধা	কামালিয়াচালা, হাতীবান্ধা মধ্যপাড়া, ভালিকাচালা, শ্রীবতলী	৮৪	৩.৮০০	১,৮৭০	৩
০৮	হাতীবান্ধা	খুদিয়াজুরি, হানারচালা, আমরাতৈল	৮৪	৩.২৫০	১,৭৫০	
০৯	হাতীবান্ধা	টেকিপাড়া, মালতিপাড়া, হাতীবান্ধা পশ্চিমপাড়া, মৈশাডাঙ্গা, হিজলতলী, কুমড়াঝুড়ি	৮৪	৫.২০০	৩,২৫০	
			সর্বমোট =	৩০.১৮০	২০,১৩৩	

৯নং হতেয়া রাজাবাড়ী ইউনিয়ন

সাধারণ ওয়ার্ড নম্বর	মৌজার নাম	গ্রাম, পাড়া/মহল্লার নাম	জেএল নং	ওয়ার্ডের আয়তন (ব:কি:)	ওয়ার্ডের জনসংখ্যা (২০১১ সনের আদমশুমারি অনুযায়ী)	সংরক্ষিত মহিলা ওয়ার্ড নম্বর
০১	তক্তারচালা	ঝিনিয়া, ফুলগাছিয়াচালা, পাটজাগ	১১৭	৩.৯৫০	২,৮৪০	১
০২	তক্তারচালা	বাইটকাপাড়া	১১৭	২.৭৫০	১,৪৭০	
০৩	হতেয়া	কেরানীপাড়া, উইলাচালা, বনানীপাড়া, হলিদ্রাচালা	১১৮	৩.৭৫০	৩,১২০	
০৪	হতেয়া	নাট মন্দিরচালা, কলেজপাড়া, রামখালী	১১৮	৫.২০০	২,৯২০	২
০৫	হতেয়া	কাজীপাড়া, মাওলানাপাড়া, সাতভাউরিয়াচালা	১১৮	৪.৮৫০	২,২৪০	
০৬	হতেয়া	ভাতকুরাচালা, দেওয়ানপাড়া	১১৮	২.০৫০	১,৭৬০	
০৭	হতেয়া, বড়চালা	রাজাবাড়ী, ইন্নতখাচালা	১১৮, ১২০	২.৫২০	১,৭৯০	৩
০৮	বাজাইল	বাজাইল	১১৯	৩.৫৯০	২,১২০	
০৯	বড়চালা	বড়চালা	১২০	২.০২০	১,৯৩০	
			সর্বমোট =	৩০.৬৮০	২০,১৯০	

নং **০৫.৪১.৯৩৮৫.০০০.০৪.০০৩.১৮-৫৪৬**—এতদ্বারা টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন ৬ নং কালিয়া ইউনিয়ন এর সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কালিয়া ইউনিয়ন বিভক্ত করে বড়চওনা নামে নতুন ইউনিয়ন গঠন এবং কালিয়া (পুরাতন) ইউনিয়ন পুনর্গঠন এর জন্য জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয় বরাবর ইতোপূর্বে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়। সেই প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক প্রাপ্ত স্মারকাদেশ নং-০৫.৪১.৯৩০০.০০০.০৭.০২৬.২১-৪৭২, তারিখ : ০১ সেপ্টেম্বর ২০২১ মূলে এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা-১৩ এর উপ-ধারা ৮ মোতাবেক নিম্নবর্ণিত তপশিল অনুযায়ী কালিয়া ইউনিয়ন বিভক্ত করে বড়চওনা নামে নতুন ইউনিয়ন গঠন এবং কালিয়া (পুরাতন) ইউনিয়ন পুনর্গঠন করা হলো, যা "৬নং কালিয়া ইউনিয়ন" এবং "১০নং বড়চওনা ইউনিয়ন" নামে অভিহিত হবে।

৬নং কালিয়া ইউনিয়ন

সাধারণ ওয়ার্ড নম্বর	মৌজার নাম	গ্রাম, পাড়া/মহল্লার নাম	জেএল নং	ওয়ার্ডের আয়তন (ব: কি:)	ওয়ার্ডের জনসংখ্যা (২০১১ সনের আদমশুমারি অনুযায়ী)	সংরক্ষিত মহিলা ওয়ার্ড
০১	কালিয়া, কালিয়াপাড়া ঘোনারচালা	নিশ্চিন্তপুর, দাড়িয়াপুরপাড়া, ডাকাতিয়া অংশ	২৯১ ২৮৬	৩.৩৫	২,৬৩৫	১
০২	কালিয়া, কালিয়াপাড়া ঘোনারচালা	আড়াইপাড়া, হাজীবাড়ী, ডাকাতিয়া মাজেদা মজিদ উচ্চ বিদ্যালয় বাজারপাড়া	২৯১ ২৮৬	৪.৫০	৩,৫৪০	
০৩	কালিয়া	বানিয়ারছিট, দামিয়া, বটতলীপাড়া, মাচিয়ার পূর্ব অংশ	২৯১	৪.৭৬	৩,৭৪৬	
০৪	কচুয়া, কালিয়াপাড়া ঘোনারচালা	বাউখোলাপাড়া, খোরশেদ আলমপাড়া, হাজী চৌরাস্তার পূর্ব-পশ্চিম অংশ	২৮৭ ২৮৬	২.৭	২,৭৮৬	২
০৫	কচুয়া, কালিয়াপাড়া ঘোনারচালা	কচুয়া বাজারের পূর্ব অংশ, ভাতকুড়াপাড়া, ভুইয়াপাড়া, সৌদি মসজিদ পর্যন্ত	২৮৭ ২৮৬	২.৬৫	২,৬৩৬	
০৬	কচুয়া	কচুয়া বাজারের পশ্চিম অংশ, উত্তরে দাপনাজোড়পাড়া, বেপারীপাড়া, দক্ষিণে মজর হাজীর বাড়ী পর্যন্ত, থলচালা	২৮৭	২.৬৫	২,৫৩৮	
০৭	কালিয়াপাড়া, ঘোনারচালা, কাহারতা	বাসারচালা, নয়ারচালা, দেবলচালা, খামারচালা, কাইনালচালা	২৮৬ ২৮৫	৪.৭৫	৩,৫৩৯	৩
০৮	কালিয়াপাড়া, ঘোনারচালা, কাহারতা	সাড়াসিয়া, রামখাঁপাড়া	২৮৬ ২৮৫	৪.৪২	৩,২৯৩	
০৯	কালিয়াপাড়া, ঘোনারচালা, বড়চওনা	ধলিপাড়া, বিলবনিপাড়া, ভন্ডেশ্বরপাড়া, হাসড়াপাড়া, গোহাইলবাড়ীপাড়া, জামালহাটকুড়ার দক্ষিণ অংশ	২৮৬ ২৮৮	৬.২৫	৪,৬৫৮	
			সর্বমোট	৩৬.০৩	২৯,৩৭১	

১০ নং বড়চওনা ইউনিয়ন

সাধারণ ওয়ার্ড নম্বর	মৌজার নাম	গ্রাম, পাড়া/মহল্লার নাম	জেএল নং	ওয়ার্ডের আয়তন (ব: কি:)	ওয়ার্ডের জনসংখ্যা (২০১১ সনের আদমশুমারি অনুযায়ী)	সংরক্ষিত মহিলা ওয়ার্ড
০১	কুতুবপুর	কুতুবপুর, তালতলাপাড়া, ইকুরিয়াপাড়া, চিতারচালা, ভুঁইয়াপাড়া	২৯০	২.২৩	২,৭৭৫	১
০২	কুতুবপুর	শাপলাপাড়া, শ্রীপুরপাড়া, ভিয়াইলপাড়া, দুধনালপাড়া, দাসপাড়া	২৯০	২.০২	২,৪৫০	
০৩	কুতুবপুর	সুলতাননগর, নয়াপাড়া, ঘোনাপাড়া, আবেদ নগর দক্ষিণ ইছামারি, নামদারপুর (পূর্বাংশ)	২৯০	৪.৩৫	২,৮৮৪	

সাধারণ ওয়ার্ড নম্বর	মৌজার নাম	গ্রাম, পাড়া/মহল্লার নাম	জেএল নং	ওয়ার্ডের আয়তন (ব: কি:)	ওয়ার্ডের জনসংখ্যা (২০১১ সনের আদমশুমারি অনুযায়ী)	সংরক্ষিত মহিলা ওয়ার্ড
০৪	কালিয়া	দেবরাজ, খালিয়ার বাইদ	২৯১	৪.৪৯	৩,৫৪৩	২
০৫	বড়চওনা	দাড়িপাকা, বস্তিপাড়া, নামদারপুর পাড়ার দক্ষিণ অংশ, হরকাপাড়া	২৮৮	৩.৭৫	৪.১৫০	
০৬	কুতুবপুর	নামদারপুর পশ্চিম অংশ, বেপারীপাড়া, চারিবাইদা, ইছামারী (উত্তর), শুকনারছিট, শিমুলতলী, বিন্নাউরীপাড়া, হিন্দুপাড়া	২৯০	৫.৩৬	৩,৪৫৬	
০৭	বড়চওনা	চাম্বলতলা, বেলতলী, সোনাতলা, মাচিয়ার পশ্চিম অংশ, জামাল হাটকুড়া উত্তর অংশ, পাগল মোড়	২৮৮	২.৭৫	৩,০৪৪	৩
০৮	বড়চওনা	বড়চওনা, চটানপাড়া, মোটের পাড়, বেপারীপাড়া	২৮৮	৩.৫০	৩,৮৭৪	
০৯	বড়চওনা	বিন্নাখাইড়া, গায়েন মোড়, যশিহাটীপাড়া, ভুয়াইদ পাড়ার অংশ	২৮৮	২.৭৪	৩,০৩২	
			সর্বমোট	৩১.১৯	২৯,২০৮	

চিত্রা শিকারী
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ সদর

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ-২৩ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ০৫.৩০.৩৫৩২.০০১.৩৩.০৭৬.২১-৭৫৫—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ হতে ১৮ মার্চ, ২০২১ খ্রি. এর ৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০৩.১৬-২৭৩ নং প্রজ্ঞাপনমূলে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলার ১১ নং হরিদাসপুর ইউনিয়নের আংশিক এলাকা গোপালগঞ্জ পৌরসভার অন্তর্ভুক্ত হওয়ায় স্থানীয় সরকার(ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩ ধারার ০৮ নং উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে গোপালগঞ্জ সদর উপজেলাধীন ১১ নং হরিদাসপুর ইউনিয়নের ওয়ার্ডসমূহ নিম্নোল্লিখিতভাবে পুনর্গঠন করা হল :—

ইউনিয়নের নাম-হরিদাসপুর
উপজেলা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ

সাধারণ ওয়ার্ড নম্বর	সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে এল নম্বর		সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ডভুক্ত গ্রাম/ পাড়া/মহল্লার নাম	সাধারণ ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি	সংরক্ষিত ওয়ার্ড নম্বর
	মৌজার নাম	জে এল নম্বর			
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১	খাগাইল (আংশিক) মোচড়া (আংশিক)	৪০ ৩৭	খাগাইল দক্ষিণপাড়া, চরপাড়া, পূর্বপাড়া মোচড়া (আংশিক)	উত্তর-বিআরএস-৫২০১ নং দাগ হতে বাবু মৃধার বাড়ি হয়ে খাগাইল গো মাঠের উত্তর পার্শ্ব দিয়ে বিআরএস-৮৩২০ নং দাগ পর্যন্ত । **দক্ষিণ:** খাগাইল ও মোচড়া মৌজার সীমানা হতে খোদার খালের উত্তর পাশ দিয়ে খাগাইল ও বাদে খাগাইল মৌজার সীমানা পর্যন্ত । **পূর্ব:** বাদে খাগাইল ও খাগাইল মৌজার সীমানা পর্যন্ত। **পশ্চিম:** খাগাইল মৌজার সীমানা পর্যন্ত ।	০১

০১	০২	০৩	০৪	০৫	০৬
০২	খাগাইল (আংশিক)	৪০	খাগাইল মধ্যপাড়া, উত্তরপাড়া, পশ্চিমপাড়া	**উত্তরঃ** খাগাইল মৌজার শেষ সীমানা। **দক্ষিণঃ** বিআরএস-৫২০১ নং দাগ হতে বাবু মৃধার বাড়ি হয়ে খাগাইল গো মাঠের পার্শ্বে সরকারি পুকুর পর্যন্ত। **পূর্বঃ** খাগাইল মৌজার শেষ ডুমদিয়া -আন্ধারকোঠা সড়কের ২৪৮৬ নং দাগ হতে মোহাম্মদ মোল্লার বাড়ির পার্শ্বের সরকারি পুকুর পর্যন্ত। **পশ্চিমঃ** খাগাইল মৌজার সীমানা পর্যন্ত।	
০৩	খাগাইল (আংশিক)	৪০	খাগাইল	**উত্তরঃ** ডুমদিয়া-আন্ধারকোঠা সড়ক। **দক্ষিণঃ** মোহাম্মদ মোল্লার বাড়ির পার্শ্বের সরকারি পুকুর বিআরএস ৮৩২০ নং দাগ পর্যন্ত। **পূর্বঃ** খাগাইল মৌজার শেষ। **পশ্চিমঃ** ডুমদিয়া-আন্ধারকোঠা সড়কের ২৪৮৬ নং দাগ হতে মোহাম্মদ মোল্লার বাড়ির পার্শ্বের সরকারি পুকুর পর্যন্ত।	
০৪	বাদে খাগাইল (আংশিক)	৪১	পশ্চিম আড়পাড়া	**উত্তরঃ** বাদে খাগাইল মৌজার শেষ সীমানা পর্যন্ত। **দক্ষিণ :** খোদার খাল। **পূর্বঃ** মধুমতি বিলরুট ক্যানেল । **পশ্চিমঃ** খাগাইল ও বাদে খাগাইল মৌজার সীমানা পর্যন্ত।	০২
০৫	আড়পাড়া (আংশিক) বাদে খাগাইল (আংশিক)	৭৯ ৪১	পূর্ব আড়পাড়া (আংশিক) আড়পাড়া	**উত্তরঃ** তেতুলিয়া মৌজা। **দক্ষিণঃ** সিরাজ মোল্লার বাড়ি হতে পূর্ব আড়পাড়া রাস্তার পার্শ্বে কাত্তিক বাড়ৈ এর বাড়িসহ আড়পাড়া মৌজার শেষ হয়ে বাচ্চু মোল্লার বাড়ির শেষ পর্যন্ত। **পূর্বঃ** আড়পাড়া মৌজার শেষ সীমানা। **পশ্চিমঃ** মধুমতি বিলরুট ক্যানেল।	
০৬	আড়পাড়া (আংশিক) বাদে খাগাইল (আংশিক)	৭৯ ৪১	পূর্ব আড়পাড়া (আংশিক) ভেড়ারহাট, বেপারীপাড়া ও ঋষিপাড়া	**উত্তরঃ** সিরাজ মোল্লার বাড়ি হতে পূর্ব আড়পাড়া দক্ষিণ পার্শ্ব হয়ে হেমায়েতের বাড়ি পর্যন্ত। **দক্ষিণঃ** আড়পাড়া মৌজার শেষ ও রেললাইন এবং বাচ্চু মোল্লার বাড়ির পূর্ব পর্যন্ত। **পূর্বঃ** কাত্তিক বাড়ৈ এর বাড়ির পর হতে বিআরএস-১১৮৬ নং দাগ পর্যন্ত। **পশ্চিমঃ** মধুমতি বিলরুট ক্যানেল।	
০৭	মোচড়া হরিদাসপুর (আংশিক)	৩৭ ৩৫	মোচড়া (আংশিক) হরিদাসপুর(আংশিক)	**উত্তরঃ** মোচড়া- খাগাইল মৌজার সীমানা হয়ে খোদার খালের দক্ষিণ পাড় দিয়ে বাদে খাগাইল ও হরিদাসপুর মৌজার সীমানা পর্যন্ত। হরিদাসপুর ও বাদে খাগাইল মৌজার সীমানা হতে মধুমতি বিলরুট ক্যানেল পর্যন্ত। **দক্ষিণঃ** মোচড়া মৌজার সীমানা ধরে ঢাকা-খুলনা মহাসড়কের উত্তর পাশ দিয়ে মধুমতি বিলরুট ক্যানেল পর্যন্ত। **পূর্বঃ** মধুমতি বিলরুট ক্যানেল ও বাদে খাগাইল মৌজার সীমানা পর্যন্ত। **পশ্চিমঃ** মোচড়া মৌজার শেষ সীমানা।	৩
০৮	আড়পাড়া (আংশিক) বাদে খাগাইল (আংশিক)	৭৯ ৪১	আড়পাড়া (আংশিক) চরপাড়া(আংশিক) বেপারীপাড়া (আংশিক) খাড়াপাড়া	**উত্তরঃ** খোদার খাল। **দক্ষিণঃ** হরিদাসপুর বাদে খাগাইল মৌজার সীমানা। **পূর্বঃ** মধুমতি বিলরুট ক্যানেল। **পশ্চিমঃ** মোচড়া ও বাদে খাগাইল মৌজার সীমানা।	
০৯	হরিদাসপুর (আংশিক)	৩৫	হরিদাসপুর(আংশিক) পশ্চিমপাড়া	**উত্তরঃ** ঢাকা- খুলনা মহাসড়ক। **দক্ষিণঃ** হরিদাসপুর মৌজার শেষ সীমানা। **পূর্বঃ** মধুমতি বিলরুট ক্যানেল। **পশ্চিমঃ** হরিদাসপুর মৌজার শেষ সীমানা।	

নং ০৫.৩০.৩৫৩২.০০১.৩৩.০৭৬.২১-৭৫৬—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ হতে ১৮ মার্চ, ২০২১ খ্রি. এর ৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০০৩.১৬-২৭৩ নং প্রজ্ঞাপনমূলে গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলার ০৮ নং লতিফপুর ইউনিয়নের আংশিক এলাকা গোপালগঞ্জ পৌরসভার অন্তর্ভুক্ত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩ ধারার ০৮ নং উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে গোপালগঞ্জ সদর উপজেলাধীন ০৮ নং লতিফপুর ইউনিয়নের ওয়ার্ডসমূহ নিম্নোল্লিখিতভাবে পুনর্গঠন করা হল:—

ইউনিয়নের নাম-লতিফপুর

উপজেলা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ

সাধারণ ওয়ার্ড নম্বর	সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে এল নম্বর		সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ডভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার নাম	সাধারণ ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি	সংরক্ষিত ওয়ার্ড নম্বর
	মৌজার নাম	জে এল নম্বর			
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১	মানিকদাহ (আংশিক)	৯০	মানিকদাহ আশ্রয়ণ প্রকল্প	**উত্তর**-মধুমতি বিলরুট ক্যানেলের এস.এ-৯৫৫ নং দাগের উত্তর মাথা হতে ইবদুল শেখ এর বাড়ির মোড় হয়ে রাস্তা যোগে জাহিদ শেখ এর বাড়ির মোড় পর্যন্ত। **দক্ষিণ:** মধুমতি বিলরুট ক্যানেলের এস.এ-১০৯৫ নং দাগের দক্ষিণ পাশ হতে পৌরসভার সীমানা দিয়ে ইমদাদুল হক চৌধুরীর বাড়ির মোড় পর্যন্ত। **পূর্ব:** জাহিদ শেখের বাড়ির মোড় হতে ঈদগাহ মোড় দিয়ে ইমদাদুল হক চৌধুরীর বাড়ির মোড় পর্যন্ত। **পশ্চিম:** মধুমতি নদী।	০১
০২	মানিকদাহ (আংশিক)	৯০	মানিকদাহ কাচারীপাড়া মানিকদাহ মুসলিমপাড়া	**উত্তর:** ঘোষের চর, মানিকদাহ মৌজা সীমানা পর্যন্ত। **দক্ষিণ:** ইমদাদুল হক চৌধুরীর বাড়ির রাস্তার মোড় হতে পৌরসভার সীমানা ধরে দিলীপ বিশ্বাসের বাড়ি পর্যন্ত। **পূর্ব:** মানিকদাহ হাউজিং প্রকল্পের পাশে দিলীপ বিশ্বাসের বাড়ি হতে ০১ নং সিটের মৌজা সীমানা ধরে এস.এ-৩০৪ নং দাগের উত্তর পূর্ব পার্শ্ব পর্যন্ত। **পশ্চিম:** ইমদাদুল হক চৌধুরীর বাড়ির রাস্তার মোড় হতে ঈদগাহের মোড় হয়ে গোবপাড়া রাস্তা ধরে আওলাদ মোল্যার বাড়ি পর্যন্ত।	
০৩	মানিকদাহ (আংশিক)	৯০	গোবপাড়া	**উত্তর:** মধুমতি নদী। **দক্ষিণ:** মধুমতি বিলরুট ক্যানেলের এস.এ-৯৫৫ নং দাগের উত্তর সীমানা হতে ইবদুল শেখের বাড়ির মোড় হয়ে রাস্তা যোগে জাহিদ শেখের বাড়ির মোড় হয়ে রাস্তা যোগে জাহিদ শেখের বাড়ির মোড় পর্যন্ত। জাহিদ শেখের বাড়ির মোড় হতে ঈদগাহ মোড় পর্যন্ত। **পূর্ব:** মানিকদাহ ঈদগাহ হতে গোবপাড়া রাস্তা ধরে মধুমতি নদী পর্যন্ত। **পশ্চিম:** মধুমতি নদী।	
০৪	মানিকদাহ (আংশিক) ঘোষেরচর (আংশিক)	৯০ ৮৯	চরমানিকদাহ পূর্বপাড়া	**উত্তর:** চর মানিকদাহ মধ্যপাড়া মসজিদ মোড় হয়ে মানিকদাহ-গোপালগঞ্জ রাস্তা ধরে পৌরসভার সীমানা পর্যন্ত। **দক্ষিণ :** মানিকদাহ হাউজিং প্রকল্প ও পৌরসভা। **পূর্ব:** ইমাম মোল্যার বাড়ির পার্শ্বে ফরিদ মোল্যার সড়কের মোড় হতে রসুল মোল্যার বাড়ি হয়ে পৌরসভার সীমানা পর্যন্ত। **পশ্চিম:** চর মানিকদাহ মধ্যপাড়া মসজিদের মোড় হতে শওকত খার বাড়ি হয়ে মানিকদাহ মৌজার ০১ ও ০২নং সীটের সীমানা ধরে মানিকদাহ হাউজিং প্রকল্প পর্যন্ত।	০২

০১	০২	০৩	০৪	০৫	০৬
০৫	ঘোষেরচর (আংশিক)	৮৯	চরমানিকদাহ পশ্চিম পাড়া	**উত্তরঃ** মানিকদার ব্রীজ হতে আব্দুল হাইয়ের ঘের হয়ে এস.এ-১৭২৬ নং দাগের উত্তর-পশ্চিম পার্শ্ব দিয়ে আয়েব আলীর বাড়ির রাস্তার মোড় পর্যন্ত। **দক্ষিণঃ** ঘোষের চর মৌজার শেষ সীমানা। **পূর্বঃ** আজিজুল লস্করের ঘেরের পাশের রাস্তা হতে মধ্যপাড়া জামে মসজিদ মোড় পর্যন্ত। মধ্যপাড়া জামে মসজিদের মোড় হতে রাস্তাযোগে এস.এ-২৭৮২ নং দাগের উত্তর পাশ দিয়ে পশ্চিম দিকে এস.এ-২৩৯৮ নং দাগের উত্তর পশ্চিম পাশ দিয়ে বরাবর দক্ষিণ দিকে ঘোষের চর মৌজার সীমানা পর্যন্ত। **পশ্চিমঃ** মধুমতি নদী।	
০৬	ঘোষেরচর (আংশিক)	৮৯	ঘোষেরচর দক্ষিণ পাড়া	**উত্তরঃ** ঘোষের চর ঈদগাহ মাঠের দক্ষিণ-পশ্চিম পাশের রাস্তার মোড় হতে এস.এ-৪১১৪ নং দাগের উত্তর-পূর্ব পার্শ্বে পৌরসভার সীমানা পর্যন্ত। **দক্ষিণঃ** চর মানিকদাহ মধ্যপাড়া মসজিদের মোড় হতে মানিকহার-গোপালগঞ্জ রাস্তা হয়ে ইমাম মোল্যার বাড়ির উত্তর পার্শ্বে ফরিদ মোল্যা সড়কের মোড় পর্যন্ত অর্থ্যাৎ পৌরসভার সীমানা পর্যন্ত। **পূর্বঃ** পৌরসভার সীমানা। **পশ্চিমঃ** ঘোষের চর ঈদগাহ মাঠের মোড় হতে তৈয়ব মোল্যার বাড়ির মোড় হয়ে আজিজুল লস্করের ঘেরের পার্শ্বের রাস্তা পর্যন্ত। আজিজুল লস্করের ঘেরের পার্শ্বের রাস্তা হতে চর মানিকদাহ মধ্যপাড়া জামে মসজিদের মোড় পর্যন্ত।	
০৭	ঘোষেরচর (আংশিক)	৮৯	ঘোষেরচর পশ্চিম পাড়া	**উত্তরঃ** মধুমতি নদী। **দক্ষিণঃ** মানিকহার ব্রিজ হতে আব্দুল হাইয়ের ঘের হয়ে এস.এ- ১৭২৬ নং দাগের উত্তর-পশ্চিম পাশ দিয়ে এস.এ-১৫৭৬ নং দাগের দক্ষিণ-পূর্ব পাশ দিয়ে ঘোষের চর ঈদগাহ মাঠের মোড় পর্যন্ত। **পূর্বঃ** মধুমতি নদীর এস.এ-৩৮৪ নং দাগের পূর্ব পার্শ্বের রাস্তা হতে আক্তার মোল্যার বাড়ি পর্যন্ত। আক্তার মোল্যার বাড়ি অর্থ্যাৎ এ.এ-৬৪১ নং দাগের পূর্ব পাশ দিয়ে এসএ-২০৬৫ নং দাগের পূর্ব পাশ দিয়ে কাপালীপাড়া রাস্তা পর্যন্ত। **পশ্চিমঃ** মধুমতি নদী।	০৩
০৮	ঘোষেরচর (আংশিক)	৮৯	ঘোষেরচর উত্তর পাড়া	**উত্তরঃ** মধুমতি নদী ও পৌরসভার সীমানা। **দক্ষিণঃ** কাপালীপাড়া রাস্তা। **পূর্বঃ** রবিউল মাস্টারের বাড়ির উত্তর-পূর্ব পার্শ্বে আতিয়ার খাল হয়ে কাজল খার বাড়ির পাশ দিয়ে কাপালীপাড়া রাস্তার পৌরসভার সীমানা পর্যন্ত। **পশ্চিমঃ** মধুমতি নদীর এস.এ- ৩৮৪ নং দাগের পূর্ব পার্শ্বের রাস্তা হয়ে আক্তার মোল্যার বাড়ি পর্যন্ত। আক্তার মোল্যার বাড়ি অর্থ্যাৎ এস.এ- ৬৪১ নং দাগের পূর্ব পার্শ্ব দিয়ে এস.এ-২০৬৫ নং দাগের পূর্ব পার্শ্ব দিয়ে কাপালীপাড়া রাস্তা পর্যন্ত।	

০১	০২	০৩	০৪	০৫	০৬
০৯	ঘোষেরচর (আংশিক)	৮৯	ঘোষেরচর উত্তর পাড়া ও হিন্দুপাড়া	**উত্তরঃ** পৌরসভার সীমানা। **দক্ষিণঃ** ঘোষের চর সার্বজনীন কালী মন্দিরের দক্ষিণ-পশ্চিম পাশের কাপালীপাড়া রাস্তা হতে আতিয়ার খালের দক্ষিণ সীমানা পর্যন্ত। **পূর্বঃ** পৌরসভার সীমানা। **পশ্চিমঃ** রবিউল মাস্টারের বাড়ির উত্তর-পূর্ব পার্শ্বে আতিয়ার খাল হয়ে কাজল খার বাড়ির পাশ দিয়ে কাপালীপাড়া রাস্তা পর্যন্ত।	

মোঃ রাশেদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

বিজ্ঞপ্তি

তারিখ: 27-JUN-21

নং আরজেএসসি/ডি.এন/15407—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, SYNERGY FIN-CAP SOLUTIONS LIMITED [C-99381] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

Muhammad Shafiqul Islam
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।